দৈনিক আমাদের সময়

তারিখ 20 AUG 2017
পৃষ্ঠা ৬ কলাম ৬

নীলফামারীতে বন্যা

# ১০৬ প্রাথমিক বিদ্যালয়ে ৫১ লাখ টাকার ক্ষতি

**নীলফামারী প্রতিনিধি** ●

সম্প্রতি বন্যায় নীলফামারী জেলায় ১০৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ক্ষতিগ্রস্ত হয়েছে। এসব প্রতিষ্ঠানের ৫০ লাখ ৬০ হাজার টাকার ক্ষতি হয়েছে। এদিকে জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্র জানায়, বন্যায় ৪১টি বিদ্যালয় আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হচ্ছে। ক্ষতিগ্রস্ত বিদ্যালয়গুলোয় শ্রেণিকক্ষের মেঝ, দেয়াল, টেবিল, চেয়ার, বেঞ্চ, টয়লেট, নলকূপ, মাঠ, পানির ট্যাংক, দরজা-জানালা, টিনের চালা এবং বিদ্যালয়ের সংযোগ সড়ক নষ্ট হয়ে গেছে। ক্ষতিগ্রস্তের তালিকায় রয়েছে কিশোরগঞ্জ উপজেলায় ৮টি, জলঢাকা উপজেলায় ৪৫টি, ডিমলা উপজেলায় ১১টি, ডোমার উপজেলায় ২টি, নীলফামারী সদরে ২০টি এবং সৈয়দপুর উপজেলায় ২১টি বিদ্যালয়। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা দিলিপ কুমার বণিক জানান, কিশোরগঞ্জ উপজেলার মাগুড়া দোলাপাড়া, পুশনা শহীদ শরিফুল ইসলাম, মাগুড়া শাহপাড়া, মাগুড়া মুন্সিপাড়া, জলঢাকা উপজেলার হলদিবাড়ি এবং ডিমলা উপজেলার ছোটখাতা ও পুর্ব ছাতুনামা আমিনপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম বন্ধ রয়েছে। ক্ষয়ক্ষতির চিত্র সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়েছে বলে জানান দিলিপ কুমার বণিক।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................
তারিখ.................
ইন্স. পরিসংখ্যান বিভাগ
ইন্স. ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর